### Bangladesh Embassy Washington DC

#### **Press Release**

# **Bangladesh Encourages US Companies to Invest in Offshore Oil and Gas Explorations**



Washington DC, 31 July 2021

Bangladesh Prime Minister's Adviser for Power, Energy and Mineral Resources Dr. Tawfiq-E-Elahi Chowdhury, BB, held a meeting with the Senior officials of American multinational oil and gas corporation ExxonMobil on 30 July in the Embassy of Bangladesh in Washington DC.

The Adviser highlighted the crucial role of the US companies in the energy sector in Bangladesh and welcomed their further contributions in these areas. In the meeting, He encouraged the officials to invest in oil and gas explorations in the country, particularly the offshore ones. He highlighted the need for investment in building storage facilities for renewable energy in Bangladesh. He mentioned that having a balanced mix of energy sources is critical for Bangladesh and its development.

The Adviser acknowledged that the companies like ExxonMobil, who are looking for LNG businesses in Bangladesh, require guarantying hedges against the price volatilities. He asked ExxonMobil to expedite deep-sea exploration and to invest in upgrading transmission networks and land-based facilities.

ExxonMobil expressed keen interest in working with Bangladesh to support Bangladesh's current development pace and ensure access to energy. Bangladesh Ambassador to the USA M Shahidul Islam and senior officials from Bangladesh Embassy and ExxonMobil were present.

Later, an MOU was signed between Summit Oil and Shipping Co. Ltd and Commonwealth LNG at the presence of at the Bangabandhu Auditorium of the Embassy of Bangladesh in Washington DC in the presence of Adviser Tawfiq-e-Elahi Chowdhury. The Advisor welcomed the signing of the MOU as an important step towards further expanding the existing energy cooperation between Bangladesh and the United States.

Earlier in the morning of 29 July, the Adviser visited the Embassy of Bangladesh in Washington DC and placed floral wreaths at the bust of the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman.

\*\*\*

## <u>আনঅফিসিয়াল অনুবাদ</u>

## অফশোর তেল ও গ্যাস অনুসন্ধানে মার্কিন বিনিয়োগ চায় বাংলাদেশ

ওয়াশিংটন ডিসি, ৩১ জুলাই ২০২১

বাংলাদেশের প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-এলাহী চৌধুরী, বীর বিক্রম ৩০ জুলাই ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসে আমেরিকান বহুজাতিক তেল ও গ্যাস কর্পোরেশন এক্সনমোবিলের উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে একটি বৈঠক করেন।

উপদেষ্টা বাংলাদেশে জ্বালানি খাতে মার্কিন কোম্পানিগুলোর গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন এবং এই ক্ষেত্রে তাদের আরও অবদানকে স্থাগত জানান। বৈঠকে তিনি এক্সনমোবিলের কর্মকর্তাদের বাংলাদেশে, বিশেষ করে অফশোরে, তেল ও গ্যাস অনুসন্ধানের জন্য বিনিয়োগ করতে উৎসাহিত করেন। তিনি বাংলাদেশে নবায়নযোগ্য শক্তির জন্য স্টোরেজ সুবিধা নির্মাণে বিনিয়োগের

প্রয়োজনীয়তার কথা তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে বিভিন্ন জ্বালানি উৎসের সুষম ব্যবহার বাংলাদেশের উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ।

উপদেষ্টা স্বীকার করেন যে এক্সনমোবিলের মতো কোম্পানীসমূহ, যারা বাংলাদেশে এলএনজি ব্যবসা করতে ইচ্ছুক তাদের দামের অস্থিতিশীলতার বিরুদ্ধে হেজিংয়ের গ্যারান্টি নিশ্চিত করা প্রয়োজন। তিনি এক্সনমোবিলকে গভীর সমুদ্রে অনুসন্ধান ত্বরান্বিত করতে এবং ট্রান্সমিশন নেটওয়ার্ক এবং স্থলভিত্তিক ফ্যাসিলিটি নির্মাণে বিনিয়োগ করতে বলেন।

বাংলাদেশের বর্তমান উন্নয়নের গতি ধরে রাখতে প্রয়োজনীয় জ্বালানির চাহিদা নিশ্চিত করতে, এক্সনমোবিল বাংলাদেশের সাথে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছে। বৈঠকে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদৃত এম সহিদুল ইসলাম এবং বাংলাদেশ দূতাবাস ও এক্সনমোবিলের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

পরে, উপদেষ্টা তৌফিক-ই-এলাহী চৌধুরীর উপস্থিতিতে ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে সামিট অয়েল অ্যান্ড শিপিং কাং লিমিটেড এবং কমনওয়েলথ এলএনজির মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উপদেষ্টা এমওইউ স্বাক্ষরকে স্বাগত জানিয়ে বলেন যে বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বিদ্যমান জ্বালানি সহযোগিতার আরও সম্প্রসারণের ক্ষেত্রে অনুরূপ পদক্ষেপ অত্যান্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

২৯ জুলাই সকালে উপদেষ্টা ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাস পরিদর্শন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করেন।